

💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৩৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৩৫]

পর্ব-১০: ইমামাত প্রসঙ্গ (غِمَامَةِ)

পরিচ্ছেদঃ ৪০: বসে সালাত আদায়কারী ইমামের ইকতিদা করা

الائتمام بالإمام يصلى قاعدا

আরবী

أَخْبَرَنَا الْعَبَّاسُ بْنُ عَبْدِ الْعَظِيمِ الْعَنْبَرِيُّ، قال: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيّ، قال: حَدَّثَنَا زَائِدَةُ، عَنْ مُوسَى بْنِ أَبِي عَائِشَةَ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ قال: دَخَلْتُ عَلَى عَائِشَةَ فَقُلْتُ: أَلَا تُحَدِّثِينِي عَنْ مَرَضِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ: لَمَّا ثَقُلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: أَصِلَّى النَّاسُ فَقُلْنَا: لَا وَهُمْ يَنْتَظِرُونَكَ يَا رَسُولَ اللَّهِ فَقَالَ: ضَعُوا لِي مَاءً فِي الْمِخْضَبِ فَفَعَلْنَا فَاغْتَسَلَ ثُمَّ ذَهَبَ لِيَنُوءَ فَأُغْمِيَ عَلَيْهِ، ثُمَّ أَفَاقَ فَقَالَ: أَصِلَّى النَّاسُ قُلْنَا: لَا هُمْ يَنْتَظِرُونَكَ يَا رَسُولَ اللَّهِ فَقَالَ: ضَعُوا لِي مَاءً فِي الْمِخْضَبِ فَفَعَلْنَا فَاغْتَسَلَ، ثُمَّ ذَهَبَ لِيَنُوءَ، ثُمَّ أُغْمِىَ عَلَيْهِ، ثُمَّ قَالَ: فِي الثَّالِثَةِ مِثْلَ قَوْلِهِ قَالَتْ: وَالنَّاسُ عُكُوفٌ فِي الْمَسْجِد يَنْتَظِرُونَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِصَلَاةِ الْعِشَاءِ فَأَرْسَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى أَبِي بَكْرِ أَنْ صَلّ بالنَّاس فَجَاءَهُ الرَّسُولُ فَقَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْمُرُكَ أَنْ تُصِلِّيَ بالنَّاس وَكَانَ أَبُو بَكْرِ رَجُلًا رَقِيقًا فَقَالَ: يَا عُمَرُ صَلَّ بِالنَّاسِ فَقَالَ: أَنْتَ أَحَقُّ بِذَلِكَ فَصِلَّى بِهِمْ أَبُو بَكْرٍ تِلْكَ الْأَيَّامَ، ثُمَّ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَجَدَ مِنْ نَفْسِهِ خِفَّةً فَجَاءَ يُهَادَى بَيْنَ رَجُلَيْنِ أَحَدُهُمَا الْعَبَّاسُ لِصَلَاةِ الظُّهْرِ فَلَمَّا رَآهُ أَبُو بَكْرِ ذَهَبَ لِيَتَأَخَّرَ فَأَوْمَاً إِلَيْهِ رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ لَا يَتَأَخَّرَ وَأَمَرَهُمَا فَأَجْلَسَاهُ إِلَى جَنْبهِ فَجَعَلَ أَبُو بَكْر يُصلِّي قَائِمًا وَالنَّاسُ يُصلُّونَ بِصلَاةٍ أَبِي بَكْرِ وَرَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصلِّي قَاعِدًا فَدَخَلْتُ عَلَى ابْن عَبَّاسِ فَقُلْتُ أَلَا أَعْرضُ عَلَيْكَ مَا حَدَّثَتْنِي عَائِشَةُ عَنْ مَرَض رَسُولِ اللَّهِ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: نَعَمْ فَحَدَّثْتُهُ فَمَا أَنْكَرَ مِنْهُ شَيْئًا غَيْرَ أَنَّهُ قَالَ أُسَمَّتْ لَكَ الرَّجُلَ الَّذي كَانَ مَعَ الْعَبَّاسِ قُلْتُ: لَا، قَالَ: هُوَ عَلِيٌّ كَرَّمَ اللَّهُ وَجْهَهُ.



تخریج دارالدعوه: صحیح البخاری/الأذان ۵۱ (۲۸۷)، صحیح مسلم/الصلاة ۲۱ (۲۸۷)، (تحفة الأشراف: ۱۲۳۱۷)، مسند احمد ۲۵۲، ۲۵۲، ۲۵۱، سنن الدارمی/الصلاة ۳۴ (۱۲۹۲) (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 835 _ صحيح

বাংলা

৮৩৪. আব্বাস ইবনু আবদুল আযীম আল আম্বারী (রহ.)..... উবায়দুল্লাহ ইবনু আব্দুল্লাহ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি 'আয়িশাহ্ (রাঃ) -এর নিকট গিয়ে বললাম, আপনি কি আমাকে রাসুলুল্লাহ (সা.) -এর রোগ সম্পর্কে জানাবেন না? তিনি বললেন, রাস্লুল্লাহ (সা.)-এর রোগ যখন বেড়ে গেল তখন তিনি বললেন, লোকেরা কি সালাত আদায় করেছে? আমরা বললাম, না, হে আল্লাহর রসূল! তারা আপনার প্রতিক্ষা করছে, তিনি (সা.) বললেন, আমার জন্যে পাত্রে কিছু পানি রাখ। আমরা তা রাখলে তিনি গোসল করলেন এবং মসজিদে যাওয়ার ইচ্ছা করলেন। ইত্যবসরে তিনি (সা.) সংজ্ঞাহীন হন। তারপর কিছুটা সুস্থ হয়ে বললেন, লোকেরা কি সালাত আদায় করেছে? আমরা বললাম, না, হে আল্লাহর রসূল! তারা আপনার প্রতিক্ষা করছে। তিনি (সা.) বললেন, আমার জন্যে পাত্রে কিছু পানি রাখ। আমরা যখন পানি রাখলাম তখন তিনি গোসল করলেন। তারপর দাঁড়াবার ইচ্ছা করলেন আবার তিনি সংজ্ঞাহীন হয়ে পড়েন। এরপর তৃতীয়বারও তিনি ঐরূপ বললেন। আয়িশাহ (রাঃ) বলেন, তখন লোকেরা মসজিদে 'ইশার সালাতের জন্যে রাস্লুল্লাহ (সা.) -এর প্রতিক্ষা করছিলেন। তখন রাস্লুল্লাহ (সা.) আবু বকর (রাঃ) এর নিকট লোক পাঠিয়ে লোকেদের নিয়ে সালাত আদায় করতে বললেন। সে লোক এসে তাকে খবর দিল যে, রাসুলুল্লাহ (সা.) এ আপনাকে লোকেদের নিয়ে সালাত আদায় করতে বলেছেন। আবু বকর (রাঃ) ছিলেন কোমল হৃদয়ের লোক। তিনি 'উমার (রাঃ)-কে বললেন, হে 'উমার! লোকেদের নিয়ে সালাত আদায় করুন। তিনি বললেন, এ কাজের জন্যে আপনিই উপযুক্ত। তারপর আবু বকর (রাঃ) কয়দিন লোকেদের নিয়ে সালাত আদায় করলেন। এরপর রাস্লুল্লাহ (সা.) কিছুটা সুস্থতা অনুভব করলেন এবং তিনি দু'জন লোকের কাঁধে ভর করে যুহরের সালাতের জন্যে আসলেন। তাঁদের একজন ছিলেন আব্বাস (রাঃ)। যখন আবু বকর (রাঃ) তাকে দেখলেন তখন তিনি পিছে হটতে চাইলেন, তখন রাসূলুল্লাহ (সা.) তাঁকে ইশারায় পিছে হটতে নিষেধ করলেন এবং এ দুই ব্যক্তিকে আদেশ করলে তারা তাকে আবু বকর (রাঃ)-এর পাশে বসিয়ে দিলেন। তখন আবূ বকর (রাঃ) দাড়িয়ে সালাত আদায় করলেন। আর লোকেরা আবু বাকর (রাঃ)-এর অনুসরণ করছিলেন। আর রাসূলুল্লাহ (সা.) বসে সালাত আদায় করছিলেন। বর্ণনাকারী বলেন, তারপর আমি ইবনু আব্বাস (রাঃ) -এর কাছে গিয়ে বললাম, 'আয়িশাহ্ (রাঃ) আমাকে রাস্লুল্লাহ (সা.)-এর সম্বন্ধে যা বলেছেন, তা কি আপনার কাছে বর্ণনা করব? তিনি বললেন, হ্যা। আমি তার কাছে বর্ণনা করলাম। তিনি তার কোন কিছই অস্বীকার করলেন না। তবে তিনি বললেন, তিনি তোমার কাছে ঐ ব্যক্তির নাম বলছেন কি? যিনি 'আব্বাস (রাঃ)-এর সঙ্গে ছিলেন? আমি বললাম, না। ইবনু আব্বাস (রাঃ) বললেন, তিনি ছিলেন 'আলী (রাঃ)।



English

40. Following An Imam Who Prays Sitting Down

It was narrated that 'Ubaidullah bin 'Abdullah said: I entered upon Aisha and said: 'Will you not tell me about the sickness of the Messenger of Allah (ﷺ)?' She said: 'When the Messenger of Allah (ﷺ), became seriously ill, he said: Have the people prayed? We said: No, they are waiting for you, 0 Messenger of Allah (ﷺ) He said: Put some water in a tub for me. We did that and he performed Ghusl, then he tried to get up but he fainted. Then he came to us and said: Have the people prayed? We said: No, they are waiting for you, 0 Messenger of Allah (ﷺ). He said: Put some water in a tub for me. We did that and he performed Ghusl, then he tried to get up but he fainted. Then for the third time he said the same thing. She said: The people were in the Masjid, waiting for the Messenger of Allah (ﷺ) to lead the prayer. The Messenger of Allah (ﷺ) sent word to Abu Bakr, telling him to lead the people in prayer, so the messenger came to him and said: The Messenger of Allah (ﷺ) is telling you to lead the people in prayer. Abu Bakr was a tenderhearted man, he said: 0 'Umar. lead the in prayer. But ('Umar) said: You have more right to that. So Abu Bakr led them in prayer during those days. When the Messenger of Allah (ﷺ) felt a little better, he came with the help of two men, one of whom was Al-'Abbas, to pray Zuhr. When Abu Bakr saw him, he wanted to step back, but the Messenger of Allah (ﷺ) gestured to him not to step back. He told them (the two men) to seat him beside Abu Bakr, and Abu Bakr started to pray standing. The people were following the prayer of Abu Bakr and the Messenger of Allah (ﷺ) was praying sitting. ' I ('Ubaidullah) entered upon Ibn Abbas and said 'Shall I not tell you what Aisha narrated to me about the sickness of the Messenger of Allah (ﷺ)?' He said: 'Yes.' So I told him and he did not deny any of it, but he said: 'Did she tell you the name of the man who was with Al-'Abbas?' I said: 'No.' He said: 'That was Ali, may Allah honor his face. '

ফুটনোট

সহীহ: বুখারী ৬৮৭, মুসলিম ৪১৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উবাইদুল্লাহ ইবন আবদুল্লাহ ইবন 'উতবাহ (রহঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 87208$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন